



নোটিশ

২০২৫-২৬ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যে সকল শিক্ষার্থী প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক উপবৃত্তির জন্য আবেদন করতে ইচ্ছুক তারা কলেজ কার্যালয় হতে সরবরাহকৃত নির্ধারিত ফরম পূরণ পূর্বক নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্রাদি সহ কলেজ কার্যালয়ে জমা দিতে হবে।

আবেদনের সময়সীমা : ০৩/০২/২০২৬ খ্রি. হতে ০৯/০২/২০২৬ খ্রি.

**** উপবৃত্তির জন্য যোগ্য আবেদনকারী ****

১। প্রতিবন্ধী, এতিম, অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী, নদী ভাঙ্গন কবলিত দুস্থ পরিবারের সন্তান, দরিদ্র শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

**** উপবৃত্তির জন্য অযোগ্য আবেদনকারী ****

- ২। যদি কোন শিক্ষার্থী অন্য কোন সরকারি উৎস হতে উপবৃত্তি, অভিভাবক কর্তৃক শিক্ষা ভাতা গ্রহণ করলে তাদের আবেদন করার প্রয়োজন নেই।
- ৩। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন বিএমটি কোর্সের শিক্ষার্থীরা এই উপবৃত্তি কর্মসূচির আওতাভুক্ত হবে না। পরবর্তী সময়ে নোটিশের মাধ্যমে জানানো হবে।

ফরমের সাথে প্রয়োজনীয় কাগজপত্রাদি (ক্রমানুসারে সংযুক্তি করতে হবে):

- ১। নির্ধারিত আবেদন ফরম (কলেজ কার্যালয় হতে সংগ্রহ করতে হবে)।
- ২। সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি (১ কপি)।
- ৩। শিক্ষার্থীর ডিজিটাল জন্মনিবন্ধন সনদের ফটোকপি (১৭ ডিজিট সংবলিত)।
- ৪। পিতা ও মাতার NID কার্ডের ফটোকপি (১০ অথবা ১৭ ডিজিট সংবলিত)। পিতা-মাতার অবর্তমানে অভিভাবকের NID কার্ড এর ফটোকপি।
- ৫। SSC পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও নম্বরপত্রের ফটোকপি।
- ৬। শিক্ষার্থী অসচ্ছল মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনী হলে প্রমান পত্র।
- ৭। শিক্ষার্থী অথবা অভিভাবক প্রতিবন্ধী হলে প্রমান পত্র।
- ৮। শিক্ষার্থী অথবা অভিভাবক দীর্ঘমেয়াদী রোগে আক্রান্ত থাকলে তার প্রমাণ পত্র (ডাক্তারি সার্টিফিকেট)।
- ৯। হিসাবধারীর NID কার্ড এর ফটোকপি (যার নামে নগদ অ্যাকাউন্ট)।

“নগদ” একাউন্টের অত্যাবশ্যকীয় শর্তাবলী

(মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে অবশ্যই KYC/Information Update থাকতে হবে)

- ১। পিতা ও মাতা/অভিভাবকের NID কার্ড ব্যবহার করে SIM রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং “নগদ” একাউন্ট খুলতে হবে।
- ২। পিতাকে অভিভাবক করলে পিতার NID কার্ড ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং “নগদ” একাউন্ট খুলতে হবে। মাতাকে অভিভাবক করলে মাতার NID কার্ড ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং “নগদ” একাউন্ট খুলতে হবে। পিতা ও মাতার অবর্তমানে অন্য কাউকে অভিভাবক করলে উক্ত ব্যক্তির NID কার্ড ব্যবহার করে সিম রেজিস্ট্রেশন ও মোবাইল ব্যাংকিং “নগদ” একাউন্ট খুলতে হবে।
- ৩। একজন NID ধারী জীবনে একজন শিক্ষার্থীর অভিভাবক হতে পারবে।
- ৪। একই NID দ্বারা SIM ক্রয় এবং “নগদ” অ্যাকাউন্ট করতে হবে।
- ৫। মোবাইল ব্যাংকিং “নগদ” অ্যাকাউন্ট এর এজেন্ট দ্বারা কেওয়াইসি পূরণ সম্পন্ন করতে হবে।
- ৬। হিসাবধারীর নগদ অ্যাকাউন্ট নম্বর দিয়ে পূর্বে সরকারি অনুদান প্রাপ্ত হলে উক্ত নগদ অ্যাকাউন্ট দিয়ে উপবৃত্তির আবেদন করা যাবে না।
- ৭। হিসাবধারীর NID দ্বারা পূর্বে সরকারি অনুদান প্রাপ্ত হলে উক্ত NID দ্বারা উপবৃত্তির আবেদন করা যাবে না।

(বি.দ্র. অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনের জন্য উপবৃত্তি না পেলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না)